বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

# "রোকেয়া চেয়ার" নীতিমালা (সংশোধিত)

(২৭-০২-২০২২ খ্রি. তারিখের ১৬১তম পূর্ণকমিশন সভায় অনুমোদিত)

১) শিরোনাম : 'রোকেয়া চেয়ার' নীতিমালা।

২) ভূমিকা : নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতির জন্য যে সকল শিক্ষাবিদ ও গবেষকগণ কাজ করিয়া যাইতেছেন, তাঁহাদের সম্মানার্থে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের উদ্যোগে ২০০৭ সালে "রোকেয়া চেয়ার" প্রবর্তন করা হইয়াছে।

৩) সংজ্ঞা : বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী না থাকিলে, এই নীতিমালায়-

ক) 'কমিশন' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) দ্বারা গঠিত 'বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;

খ) 'পূর্ণ কমিশন' অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P.O.No.10 of 1973) অনুযায়ী চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য ও খন্ডকালীন সদস্য দ্বারা গঠিত কমিশন;

গ) 'চেয়ারম্যান' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান;

ঘ) 'সদস্যবৃন্দ' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্ণকালীন সদস্যবৃন্দ;

ঙ) 'সচিব' অর্থ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব;

চ) 'নির্বাচন কমিটি' অর্থ এই নীতিমালার আওতায় 'রোকেয়া চেয়ার' নির্বাচনের জন্য কমিশন কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কমিটি;

ছ) 'নীতিমালা' অর্থ 'রোকেয়া চেয়ার' নীতিমালা।

৪) চেয়ারের নাম : 'রোকেয়া চেয়ার' হিসাবে বিবেচিত হইবে।

৫) উদ্দেশ্য : নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতির জন্য যেই সকল শিক্ষাবিদ ও গবেষকগণ কাজ করিয়া যাইতেছেন, তাঁহাদের সম্মানার্থে 'রোকেয়া চেয়ার' প্রদান করা হইবে।

৬) মেয়াদ ও সময়কাল : ক) ১(এক) জন অধ্যাপক/গবেষককে 'রোকেয়া চেয়ার' এর গবেষক হিসাবে ২(দুই) বছরের জন্য নিয়োগ দেওয়া হইবে;

খ) মেয়াদউত্তীর্ণকালীন বৎসরের জুলাই মাসে সার্কুলার জারি করিয়া ডিসেম্বর মাসের মধ্যে নির্বাচন-প্রক্রিয়া সম্পন্ন করা হইবে এবং ১লা জানুয়ারি হইতে 'রোকেয়া চেয়ার'-এর মেয়াদকাল গণনা করা হইবে।

৭) দরখাস্ত আহবান : 'রোকেয়া চেয়ার' সংক্রান্ত বিজ্ঞপ্তি দেশের সকল পাবলিক এবং স্থায়ী সনদপ্রাপ্ত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর এবং ইউজিসি'র ওয়েবসাইটে আপলোড করা হইবে।

৮) যোগ্যতা : ক) কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত অধ্যাপক/গবেষকগণ 'রোকেয়া চেয়ার'-এর জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে পারিবেন;

চলমান পাতা-২

খ) ‘রোকেয়া চেয়ার’ হইবে পূর্ণকালীন এবং নির্বাচিত অধ্যাপক/গবেষক অবশ্যই নিজ প্রতিষ্ঠান হইতে ছুটি লইয়া এই চেয়ারে যোগদান করিবেন;

গ) নির্বাচিত অধ্যাপক/গবেষক ‘রোকেয়া চেয়ার’-এর সকল সুযোগ-সুবিধা গ্রহণ করিলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাঁহাকে বেতন-ভাতা বিহীন কর্মরত ছুটি প্রদান করিবেন;

ঘ) একবার নির্বাচিত অধ্যাপক/গবেষককে পরবর্তীতে এই চেয়ারের জন্য মনোনয়ন দেওয়া যাইবে না।

৯) সম্মানী ও আনুষঙ্গিক সুবিধা :

ক) নির্বাচিত অধ্যাপক/গবেষকের সম্মানী জাতীয় বেতন স্কেল কাঠামো অনুযায়ী একজন সিলেকশন গ্রেডপ্রাপ্ত অধ্যাপকের সর্বোচ্চ মাসিক বেতনের সমতুল্য হারে প্রদান করা হইবে। একই হারে মাসিক বাড়ি ভাড়াও প্রদান করা হইবে;

খ) বই, জার্নাল, গবেষণা সামগ্রী, ফটোকপি, প্রিন্টিং ইত্যাদি বাবদ এককালীন সর্বোচ্চ ৩০,০০০/-(ত্রিশ হাজার) টাকা প্রদান করা হইবে (বিল ভাউচার জমা দেওয়া সাপেক্ষে);

গ) সেমিনার/ওয়ার্কশপ ইত্যাদি আয়োজনের জন্য সর্বোচ্চ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হইবে। তবে এক্ষেত্রে বিল, ভাউচার ও প্রয়োজনীয় কাগজপত্র কমিশনে জমা দিতে হইবে।

১০) শর্তাবলি :

ক) মনোনয়নের জন্য কমিশনের নির্ধারিত ফর্মে আবেদন করিতে হইবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

খ) নারী শিক্ষা, নারী ক্ষমতায়ন, নারী উন্নয়ন ও নারী সমাজের অগ্রগতি বিষয়ক পূর্বের কর্ম অভিজ্ঞতা এবং এই বিষয়ে ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা সংক্ষিপ্তাকারে আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হইবে;

গ) নির্বাচিত অধ্যাপক/গবেষক যে বিশ্ববিদ্যালয়ের সাথে সংযুক্ত থাকিয়া গবেষণা কর্ম পরিচালনা করিবেন, সেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট গবেষককে কক্ষ বরাদ্দ, ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার, সকল সুযোগ-সুবিধার ব্যবস্থা করিবেন;

ঘ) নির্ধারিত মেয়াদের মধ্যে অধ্যাপক/গবেষককে তাঁহার গবেষণাকর্মের ওপর ৩টি গবেষণা প্রবন্ধ ও ১টি পুস্তক প্রকাশকরণসহ ৩টি সেমিনার আয়োজন করিতে হইবে;

ঙ) নির্বাচিত অধ্যাপক/গবেষক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের উদ্দেশ্যে লেকচার প্রদান এবং গবেষণায় তত্ত্বাবধায়ক হিসাবে কাজ করিতে পারিবেন;

চ) নির্বাচিত অধ্যাপক/গবেষক একইসাথে অন্যকোন চেয়ার/ফেলোশিপ গ্রহণ করিতে পারিবেন না;

ছ) রোকেয়া চেয়ার থাকাকালীন অন্য কোন চাকুরিতে (পূর্ণকালীন/খণ্ডকালীন/চুক্তিভিত্তিক) নিয়োজিত থাকিতে পারিবেন না;

জ) গবেষণাকর্ম সম্পন্ন না করিলে অথবা পরিত্যাগ করিলে অথবা রোকেয়া চেয়ার বাতিল করা হইলে অধ্যাপক/গবেষক কর্তৃক গৃহীত সমুদয় অর্থ কমিশনে ফেরৎ প্রদান করিতে হইবে।

১১) নির্বাচন কমিটি :

ইউজিসি চেয়ারম্যান -----------------------------------------------------আহবায়ক

ইউজিসি পূর্ণকালীন সদস্যগণ---------------------------------------------------সদস্য

ইউজিসি চেয়ারম্যান কর্তৃক মনোনীত দু’জন নারী প্রতিনিধি ----------------সদস্য

রিসার্চ সার্পোট এন্ড পাবলিকেশন ডিভিশনের পরিচালক---------------------সদস্য-সচিব।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
website: www.ugc.gov.bd

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন



| | | |
|---|---|---|
| ১২) নির্বাচন কমিটির কার্য-পরিধি | : | ক) কমিটি প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাইপূর্বক ১(এক) জন অধ্যাপক/গবেষককে এই রোকেয়া চেয়ারের জন্যে নির্বাচিত করিবে; <br> খ) কমিটি যেকোন আবেদনপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবে। |
| ১৩) বিবিধ | : | কমিশন প্রয়োজনে 'রোকেয়া চেয়ার' নীতিমালার শর্তাবলি সংযোজন, বিয়োজন, পরিবর্তন ও পরিমার্জন করিতে পারিবে। সেইক্ষেত্রে অধ্যাপক/গবেষক পরিবর্তিত নীতিমালা মানিয়া নিতে বাধ্য থাকিবেন। |
| ১৪)আদেশজারির কার্যকারিতা | : | পূর্ণকমিশন সভার অনুমোদনের তারিখ হইতে এই নীতিমালা কার্যকর বলিয়া গণ্য হইবে। |
| ১৫)অস্পস্টতা দূরীকরণ | : | 'রোকেয়া চেয়ার' নির্বাচন/বাতিলের ক্ষেত্রে কমিশন কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। |

২৪-০৬-২০২২
মো. কামাল হোসেন
পরিচালক (রিসাপা)
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

14/03/22
প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ
চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন